

সংবাদ বিজ্ঞপ্তি

বিএডিসি'র গবেষণার যাত্রা শুরু

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর সম্মেলন কক্ষে গত ২৬ আগস্ট ২০১৭ তারিখে “Inception Workshop of Research Activities” শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. মোহাম্মদ জালাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে বিএডিসি'র গবেষণা কার্যক্রমের উদ্বোধন ঘোষণা করেন। বিএডিসির চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামান এর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংস্থার সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মোঃ মাহমুদ হোসেনসহ বিএডিসি ও বিএআরসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

সভার শুরুতেই সংস্থার গঠিত গবেষণা সেলের প্রধান সমন্বয়ক ড. মোঃ রেজাউল করিম বিএডিসি'র অর্ডিন্যান্স এর ধারা উল্লেখ করে গবেষণার মেন্ডেট তুলে ধরেন। তিনি আরও উল্লেখ করেন যে, বিএডিসিতে ২২ জন পিএইচডি ডিগ্রীধারী কর্মকর্তা রয়েছেন; যাদের গবেষণা কার্যক্রম পরিচালনার সক্ষমতা রয়েছে। বিএডিসি'র গবেষণার মেন্ডেট থাকলেও তা দীর্ঘ দিনযাবত বাস্তবায়ন হয়নি। সংস্থার বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ নাসিরুজ্জামানের ঐকান্তিক প্রচেষ্টায় এ গবেষণা কার্যক্রমের স্বীকৃতি পাওয়া যায় বিধায় তিনি তাঁর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ইতোমধ্যে কৃষি মন্ত্রণালয় গত ০২ নভেম্বর ২০১৬ তারিখ রাজস্ব খাতের গবেষণা ও উদ্ভাবনের জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/নির্দেশিকা ২০১৬ তে বিএডিসিকে গবেষণা কার্যক্রম পরিচালনা করার জন্য অন্তর্ভুক্ত করেছে এবং তিনটি বিষয়ে গবেষণা কার্যক্রম চলছে।

কর্মশালায় প্রধান অতিথি বিএআরসি'র চেয়ারম্যান বলেন, স্বাধীনতার পর বঙ্গবন্ধু বিএডিসিকে তেলে সাজিয়েছিলেন। বিএডিসি তার কর্মকাণ্ড দিয়ে দেশে ও বিদেশে মাথা উঁচু করে দাঁড়িয়েছে। বর্তমানে বিএডিসিতে যেসকল সুবিধাদি রয়েছে তা ব্যবহার করে গবেষণা কার্যক্রম এগিয়ে নেয়ার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। সংস্থার চেয়ারম্যান মহোদয় গবেষণা কার্যক্রমের মাধ্যমে সংস্থার উন্নয়ন সাধনের জন্য সার্বিক সহায়তা প্রদানের বিষয়ে প্রতিশ্রুতি ব্যক্ত করেন।